



২০১৮ সালের ডিগ্রী পাস কোর্স পরীক্ষার (৩য় বর্ষ) ফরম পূরণের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৮ সালের ডিগ্রী পাস ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ ইচ্ছুক ছাত্র-ছাত্রীদের ফরম পূরণের নির্ধারিত তারিখ নিম্নরূপ:

ফরম পূরণঃ ১৪/০৭/২০১৯ খ্রি. তারিখ।

নির্দিষ্ট তারিখের পর আর কোন আবেদন ফরম পূরণ করা যাবে না। কলেজের যাবতীয় পাওনা পরিশোধ সাপেক্ষে পরীক্ষার আবেদন ফরম পূরণের সময় দেয় টাকার পরিমাণ :

ক্রমিক নং	বিবরণ	নিয়মিত ও অনিয়মিত
১	পরীক্ষার্থী ফি (প্রতি পত্র ১০০ x ৭)	৭০০/-
২	সার্টিফিকেট ও মার্কসিট (৩০০ x ২)	৬০০/-
৩	ইনকোর্স পরীক্ষার বিশ্ববিদ্যালয় ফি	১০০/-
৪	কেন্দ্র ফি (প্রতি পরীক্ষার্থী)	৪৫০/-
৫	ইনকোর্স পরীক্ষার কলেজ ফি	২০০/-
৬	বেতন (২৫ x ১২)	৩০০/-
৭	সেশন চার্জ	১৭৫৫/-
৮	ব্যবস্থাপনা ফি	৫০
৯	সোনালী সেবা	৫/-
	মোট =	৪১৬০/-
	চার হাজার একশত ষাট টাকা মাত্র =	

উল্লেখ্য অনলাইন ফরম এ উল্লিখিত ফি সহ কলেজ কর্তৃক নির্ধারিত অন্যান্য ফিসাদি কলেজ ব্যাংক কাউন্টারে রসিদ বই এর মাধ্যমে জমা দিতে হবে।

অনলাইন আবেদন ফরম (ছবিসহ), রেজিঃ কার্ড ও রসিদ বহির ফটোকপি সংযুক্ত করে কলেজ অফিসে জমা দিতে হবে। মান উন্নয়নের ক্ষেত্রে ফলাফলের কপি সংযুক্ত করতে হবে।

পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী :

ক) ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (নিয়মিত) :

- ২০১৫-১৬ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী ও ২০১৬ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৭ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ (Promoted) হয়েছে তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।
- উপরোক্ত শিক্ষার্থীদেরকে ৩য় বর্ষে "ইংরেজি" আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- এ সকল শিক্ষার্থীদেরকে ব্যবহারিক সম্বন্ধিত বিষয়ের ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

খ) ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (অনিয়মিত) :

- ২০১৩-১৪ ও ২০১৪-১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৪ ও ২০১৫ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৫, ২০১৬ ও ২০১৭ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে কিন্তু ২০১৬ ও ২০১৭ সালের ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।
- উপরোক্ত শিক্ষার্থীদেরকে ৩য় বর্ষে "ইংরেজি" আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ২০১৩-১৪ ও ২০১৪-১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৪ ও ২০১৫ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৬ ও ২০১৭ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করে কোন কোর্সে/পত্রে F গ্রেড পেয়েছে তারা F গ্রেড প্রাপ্ত কোর্সে/পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করবে।
- ২০১৪-১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও ২০১৫ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৭ সালের ৩য় বর্ষের চূড়ান্ত ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করে যারা অকৃতকার্য হয়েছে তারা শেষ বারের মতো ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। উল্লেখ্য ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হতে ব্যর্থ হলে একজন শিক্ষার্থী শুধুমাত্র একবার পরবর্তী শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের সাথে উক্ত ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। ব্যবহারিক পরীক্ষায় ন্যূনতম D গ্রেড পেতে হবে। ব্যবহারিক পরীক্ষায় মানোন্নয়নের সুযোগ নেই।

গ) ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (মানোন্নয়ন) :

- ২০১৭ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের চূড়ান্ত পরীক্ষার ফলাফল প্রকাশের পর CGPA 2.25 বা এর কম প্রাপ্ত শিক্ষার্থীরা পূর্বে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করে নাই ৩য় বর্ষের এমন সর্বোচ্চ দুটি কোর্সে মানোন্নয়ন (C এবং D গ্রেড প্রাপ্ত) পরীক্ষা দিতে পারবে। ব্যবহারিক পরীক্ষায় মানোন্নয়নের সুযোগ নাই।

সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (২০০ নম্বর) :

- ২০১৫-১৬ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীরা সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের নির্ধারিত ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- এ সকল শিক্ষার্থীরা ২০১৩-১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

প্রতিস্বাক্ষরিত

অধ্যক্ষ

আযম খান সরকারি কমার্স কলেজ

খুলনা

আযম খান সরকারি কমার্স কলেজ

৮/৭/১৯

আহবায়ক

ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা-২০১৮

আযম খান সরকারি কমার্স কলেজ, খুলনা।